



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল  
www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/প্রশা/৫৭/২০২০/১১০৩

তারিখ: ০৮/১২/২০২০ খ্রি।

বিষয়:- ২০২০ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার প্রধান পরীক্ষকদের নামে বরাদ্দকৃত মূল্যায়কৃত উত্তরপত্র বিক্রয় প্রসঙ্গে।

সূত্র: ০১। পত্র নং-৪৩/সর/পরী/৮৩/৫০০, তারিখ: ৩০/১১/২০২০  
০২। পরীক্ষা নিয়ন্ত্রক-এর ০২/১২/২০২০ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, ২০২০ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার প্রধান পরীক্ষকদের নামে বরাদ্দকৃত উত্তরপত্র মূল্যায়নের পর নীতিমালা অনুযায়ী সংরক্ষণের মেয়াদকাল ০৬ (ছয়) মাস অতিক্রান্ত হবার পর তা বিক্রি করে দেয়ার সিদ্ধান্ত রয়েছে।

প্রধান পরীক্ষক হিসেবে বরাদ্দপ্রাপ্ত মূল্যায়নকৃত উত্তরপত্রের সম্মানী/পারিশ্রমিক বিল থেকে এ বোর্ডের প্রচলিত নিয়মানুসারে উত্তরপত্র প্রতি ০.৩৫ (শূন্য দশমিক তিন পাঁচ টাকা) কর্তন করে বিল প্রদান করা হবে। এমতাবস্থায় সংশ্লিষ্ট প্রধান পরীক্ষকদের নিকট রক্ষিত উত্তরপত্র তিনি বিক্রি করে দিতে পারবেন।

মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং-৪৯৭৩/২০২০ এর আদেশ মোতাবেক তা বাস্তবায়নে পরীক্ষার উত্তরপত্র বিক্রির নির্দেশ দেয়ার ১৫ (পনের) দিনের মধ্যে প্রচলিত বাজার দরে সংশ্লিষ্ট প্রধান পরীক্ষকগণের নিকট হতে উত্তরপত্রসমূহ ক্রয় করার জন্য জনাব মোঃ ফজলুল হক, প্রধান নির্বাহী কর্মকর্তা, পথশিশু কল্যাণ ট্রাস্ট-কে অবহিত করা হয়েছে। উক্ত সময়সীমার মধ্যে প্রধান পরীক্ষকগণের নিকট হতে উত্তরপত্র ক্রয়ে ব্যর্থ হলে প্রধান পরীক্ষকগণ প্রচলিত বাজার দরে তা বিক্রয় করতে পারবেন।

প্রফেসর আ.ফ.ম.বাহরুল আলম (৭০৬৫)

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

ফোন: ০৪৩১-৬৪৪১৭

প্রাপক: বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা ২০২০ এর সকল প্রধান পরীক্ষক।

অবগতি ও কার্যার্থে বিতরণ:

- ০১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল (বিষয়টি সংশ্লিষ্ট প্রধান পরীক্ষকদের অবহিতকরার অনুরোধসহ)।
- ০২। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৩। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৫। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল। (বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। জনাব মোঃ ফজলুল হক, প্রধান নির্বাহী কর্মকর্তা, পথশিশু কল্যাণ ট্রাস্ট, ৫/২৯, সলিমুল্লাহ রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
- ০৭। সেকশন অফিসার, কাউন্সিল শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৮। সেকশন অফিসার, প্রশাসন শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৯। নোটিশ বোর্ড।
- ১০। সংরক্ষণ নথি।